

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০৮১.৯৯.০০৭.২০২০- ২৬২

১৯/০৯/১৪০১ বঙ্গাব্দ  
তারিখ: -----।  
২৬/১২/২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: বিপজ্জনক রাসায়নিক পদার্থ আমদানীর আবেদনপত্র অনলাইনে দাখিল সংক্রান্ত।**

**সূত্র: ১ (১৬৭) NSW প্রকল্প/Web Fountaine/Inception Report & Project Plan/২০২৩/২০৭৯ তারিখ: ২৪/১২/২০২৪ খ্রি:**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ২০১৬ সালের ১৭ই সেপ্টেম্বর তারিখে বিশ্ববাণিজ্য সংস্থার Trade Facilitation Agreement (TFA) চুক্তি স্বাক্ষর করে। উক্ত চুক্তির ১০.৪ ধারা অনুযায়ী আমদানী রপ্তানী বাণিজ্য সহজতর করার লক্ষ্যে সকল সদস্য রাষ্ট্রের জন্য ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো (NSW) স্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। এরই ধারাবাহিকতায়, সিঙ্গেল উইন্ডো বাস্তবায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক NSW প্রকল্প গ্রহণ করা করেছে। এই প্রকল্পের আওতায় আমদানী-রপ্তানী বাণিজ্যের সাথে সম্পৃক্ত ১৯ টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সাটিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) সংগ্রহের জন্য একটি সিঙ্গেল উইন্ডো প্ল্যাটফর্মে অনলাইন সিস্টেমে আবেদন দাখিলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগামী ০২ জানুয়ারি ২০২৪ তারিখে NSW সিস্টেমের Soft launching Event অনুষ্ঠিত হবে মর্মে সূত্রস্ব পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে।

২। উল্লেখ্য পরিবেশ অধিদপ্তর আগামী ০২/০১/২০২৫ তারিখ হতে বর্ণিত ন্যাশন্যাল সিঙ্গেল উইন্ডো প্ল্যাটফর্মের সাথে আনুষ্ঠানিকভাবে সংযুক্ত হবে। এতে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গা বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর তফসিল ১ অনুযায়ী ৬৮৪ টি বিপজ্জনক রাসায়নিক পদার্থ আমদানীর ছাড়পত্র প্রদান প্রক্রিয়া আগামী ২ জানুয়ারি ২০২৫ তারিখ থেকে অনলাইনে নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করা হবে। এ জন্য বর্ণিত দ্রব্যাদি আমদানী ও রপ্তানির সাথে সম্পর্কিত কার্যক্রম NSW এর অনলাইন প্ল্যাটফর্ম [bns.gov.bd](http://bns.gov.bd) লিংক এর মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, সংশ্লিষ্ট সকলকে [bns.gov.bd](http://bns.gov.bd) লিংকের মাধ্যমে বিপজ্জনক রাসায়নিক পদার্থ আমদানীর ছাড়পত্র সংক্রান্ত আবেদন অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

ড.আবদুল হামিদ  
মহাপরিচালক

ফোন: ০২-২২২২১৮৫০০

**বিতরণ:**

বিপজ্জনক রাসায়নিক পদার্থ আমদানীকারক প্রতিষ্ঠান

.....  
.....

**অনুলিপি:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)